

**সংবাদ বিজ্ঞপ্তি****নোবিপ্রবি শিক্ষার্থীদের জন্য মাইক্রোসফট এর প্রশিক্ষণ সম্পন্ন**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য মাইক্রোসফট এর “নার্সারিং কমিউনিটি” প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ আয়োজনের জন্য স্বাক্ষরিত চুক্তির আলোকে ১৩ জন শিক্ষার্থী ও একজন কর্মকর্তা মাইক্রোসফট সার্টিফাইড সাপোর্ট সিস্টেম ইঞ্জিনিয়ার এর প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন।

আজ ২১ নভেম্বর ২০২৩ (মঙ্গলবার) নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. দিদার-উল-আলমের সাথে প্রশিক্ষণে উত্তীর্ণ সকল শিক্ষার্থীবৃন্দ ও প্রশিক্ষকগণ সৌজন্য সাক্ষাত করেন। উক্ত সাক্ষাতকালে তিনি সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারী শিক্ষার্থী ও ভলান্টিয়ার প্রশিক্ষকগণকে অভিনন্দন জানান।

বিগত ২৬ জুন ২০২৩ তারিখ থেকে অনলাইন প্ল্যাটফর্ম টিমস এপের মাধ্যমে উক্ত প্রশিক্ষণ শুরু হয়েছে। উক্ত কার্যক্রমের সমন্বয় করেন মাইক্রোসফট এর এশিয়া প্যাসিফিক অঞ্চলের সাপোর্ট এক্সেলেশন ইঞ্জিনিয়ার জেই চেন, এছাড়া আমেরিকার সান ফ্রান্সিসকো, ইউকে, রোমানিয়া ও ভারতের বেঙ্গালুরু থেকে উক্ত প্রশিক্ষণের দশ জন প্রশিক্ষক অনলাইনে উক্ত প্রশিক্ষণ কার্যক্রমে যুক্ত ছিলেন।

নোবিপ্রবি সাইবার সেন্টার ও ইন্টারন্যাশনাল কোঅপারেশন এন্ড কোলাবোরেশন অফিসের মাধ্যমে “নার্সারিং কমিউনিটি” প্রকল্পের আওতায় বিশ্ববিদ্যালয়ের শেষ বর্ষের শিক্ষার্থীদের মধ্যে যাদের আইসিটি জ্ঞান তুলনামূলক কম, পাঠ্যবিষয়ে আইসিটি অন্তর্ভুক্ত নয়, এমন শিক্ষার্থীদেরকে উদ্দেশ্য করে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়, যাতে উক্ত শিক্ষার্থীগণ গ্র্যাজুয়েশন ও প্রশিক্ষণ শেষে মাইক্রোসফট সার্টিফাইড সাপোর্ট সিস্টেম ইঞ্জিনিয়ার হিসেবে চাকরী পেতে পারেন এবং মাইক্রোসফট এর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানে সাপোর্ট সিস্টেম ইঞ্জিনিয়ার হিসেবে নিয়োগ লাভ করতে পারেন। এছাড়াও সাফল্যের সাথে প্রশিক্ষণ সম্পন্নকারী শিক্ষার্থীদের দেশে ও দেশের বাইরে বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরী লাভের বিষয়ে মাইক্রোসফট আগামী ছয় মাস প্রত্যেক শিক্ষার্থীকে প্রয়োজনীয় সাপোর্টসহ নার্সারিং করবেন।

নোবিপ্রবির পক্ষে নোবিপ্রবি সাইবার সেন্টারের পরিচালক ও সিএসটিই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মাহমুদুল হাসান রানা, নোবিপ্রবি সাইবার সেন্টারের সহকারী পরিচালক ও আইআইটি বিভাগের সহকারী অধ্যাপক জনাব মো: ইফতেখারুল আলম ইফাত ভলান্টিয়ার প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন এবং ইন্টারন্যাশনাল কোঅপারেশন ও কোলাবোরেশন অফিসার জনাব আবু জুবায়ের কার্যক্রমের সমন্বয়কের দায়িত্ব পালন করেন। এছাড়াও মূল প্রশিক্ষক হিসেবে ছিলেন ইউকে, ইউএসএ, চীন, রোমানিয়া ও ভারতের সহ সর্বমোট ১১ জন মাইক্রোসফট প্রকৌশলী।

নোবিপ্রবির বিএমএস বিভাগের ০২জন, সমাজবিজ্ঞান বিভাগের ০৩জন, ইংরেজী বিভাগের ০৩জন, সমুদ্রবিজ্ঞান বিভাগের ০৩জন, এফটিএনএস বিভাগের এবং পরিবেশ বিজ্ঞান বিভাগের ০২ জন শিক্ষার্থী ও ইন্টারন্যাশনাল কোঅপারেশন এন্ড কোলাবোরেশন অফিসের সহকারী রেজিস্ট্রার উক্ত প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

উল্লেখ্য গত ১১ এপ্রিল ২০২৩ তারিখে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর এবং মাইক্রোসফট এর পার্টনার স্পৃহা বাংলাদেশ ফাউন্ডেশনের সিনিয়র পরিচালক অজয় কুমার বোস উক্ত প্রশিক্ষণ বিষয়ক দ্বিপক্ষীয় চুক্তিতে স্বাক্ষর করেন।



রাহয়ান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।